

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
কারা-২ শাখা।



পত্র সংখ্যা-৫৮.০০.০০০০.০৮৫.১৮.০৬৯.২০১৯ স্থি:-২২৪

তারিখ : ০২ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে বন্দিদের মাঝে উন্নত মানের খাবার পরিবেশনের অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ ক) অত্র বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০০৭.১৯-২৯৬; তারিখঃ ০১-০৩-২০২১ স্থি:
খ) কারা অধিদপ্তরের স্মারক নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০৪২.২১-৪২৫; তারিখঃ ১৪-০৩-২০২১ স্থি:
গ) অত্র বিভাগের স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৫.১৮.০৬৯.২০১৯-২২১; তারিখঃ ১৫-০৩-২০২১ স্থি:
ঘ) অর্থ বিভাগের স্মারক নং-০৭.১৫৫.০০.০০০০.০০১.২০১২-১৪০; তারিখঃ ১৬-০৩-২০২১ স্থি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে দেশের কারাগারসমূহে আটক বন্দিদের মাঝে মিষ্টান্ন বিতরণ ও উন্নত মানের খাবার পরিবেশনের জন্য মাথাপিছু ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে অর্থ ব্যয়ে সদয় অনুমোদনের লক্ষ্যে অর্থ বিভাগকে অত্র বিভাগ হতে অনুরোধ করা হলে এক্ষণে অর্থ বিভাগের মতামত পাওয়া গেছে। এক্ষেত্রে অর্থ বিভাগ উক্ত বিষয়ে কিছু শর্ত প্রতিপালন পূর্বক অর্থ ব্যয়ে সদয় সম্মতি জ্ঞাপন করেছে।

০২। এমতাবস্থায়, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে দেশের কারাগারসমূহে আটক বন্দিদের মাঝে মিষ্টান্ন বিতরণ ও উন্নত মানের খাবার পরিবেশনের জন্য মাথাপিছু ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে অর্থ ব্যয়ে অর্থ বিভাগ হতে প্রাপ্ত সম্মতিসূচক পত্রের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রম অত্র বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) ফর্দ।


(মোহাম্মদ আবু সাঈদ মোল্লা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৪৫১৪
E-mail:jail2@ssd.gov.bd

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (কারা অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
- ০৩। অফিস কপি/মাষ্টার কপি।

অঃ পুঃ সঃ-
→

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ
ব্যয় ব্যবস্থাপনা শাখা-৫
www.mof.gov.bd



নং-০৭.১৫৫.০০.০০০০.০০১.২০১২-১৪০


তারিখ:-১৬/০৩/২০২১

বিষয়ঃ- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে কারা বন্দিদের মাঝে উন্নত মানের খাবার পরিবেশনের অর্থ ব্যয়ে সম্মতি প্রদান।

সূত্রঃ সুরক্ষা সেবা বিভাগের পত্র নং-৫৮.০০.০০০০.০৮৫.১৮.০৬৯.২০১৯-২২১, তারিখঃ ১৫/০৩/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে দেশের কারাগারসমূহে আটক বন্দিদের মাঝে মিশ্রিত বিতরন ও উন্নত মানের খাবার পরিবেশনের জন্য চলতি ২০২০-২১ অর্থ বছরে কারা অধিদপ্তরের বাজেটে "৩২৫৪১০৪-খোরাকী রেশন" খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৮৬,২১৩(ছিয়াশি হাজার দুইশত তের) জন বন্দির জন্য জনপ্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) হারে (৮৬.২১৩×১৫০)= ১,২৯,৩১,৯৫০/- (এক কোটি উনত্রিশ লক্ষ একত্রিশ হাজার নয়শত পঞ্চাশ) টাকা ব্যয়ে নিম্নোক্তশর্তে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলোঃ-

১. এ ব্যয় যথাযথ বিল/ভাউচার দ্বারা সমন্বয় করতে হবে;
২. বরাদ্দকৃত বাজেট হতে ব্যয় করতে হবে। এক্ষেত্রে অতিরিক্ত বরাদ্দ চাওয়া যাবে না;
৩. এ সংক্রান্ত সকল বিধি-বিধান প্রতিপালন করতে হবে;


(চৌধুরী আশরাফুল করিম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৬০৩৭

ই-মেইল: sasexpmgt5@gmail.com

সিনিয়র সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

== 2 ==

কারা অধিদপ্তর, ঢাকা।

পত্র নং-৫৮.০৪.০০০০.০২৭.০১.০৪৫.২১- ৪৫৩ (১০১)

তারিখঃ ২১ -০৩-২০২১

অনুলিপি (সংযুক্তিসহ) অবগতি ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারা-২ এর স্মারক নং-৫৮.০০.০০০০.০৮৫.১৮.০৬৯.২০১৯-২২৪, তারিখঃ ১৬-০৩-২০২১ এর নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে- ০১ (এক) পাতা।


(মোছাঃ কাউয়ালিম নাহার)
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ)
পক্ষে- কারা মহাপরিদর্শক
ফোন- ৫৭৩০০৫১৪ (দপ্তর)।
prison.bd.statistics@gmail.com

কার্যার্থে বিতরণঃ

- ১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
- ৩। সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৮। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক (সং দঃ) এর ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।